জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.৫২০০.০০১.৩১.০০১.২৫- ০৫

তারিখ : ০৬ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
২০ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

## পুকুর ইজারা বিজ্ঞপ্তি (৩য় দফা)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন হাতীবান্ধা উপজেলায় হাতীবান্ধা ডাকবাংলোর প্রবেশদ্বারের সামনে অবস্থিত ০১(এক)টি পুকুর (যে অবস্থায় আছে) ০১/০১/২০২৫ খ্রিষ্টাব্দ হতে ৩১/১২/২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মৎস্য চাষের লক্ষ্যে সার্বিকভাবে পরিচালনার নিমিত্ত ইজারা প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। পুকুর ইজারার তফসিল নিম্নরুপঃ

**তফশিল:**

উপজেলা: হাতীবান্ধা, জেএল নং-৪৬, মৌজা: টংভাংগা, খতিয়ান নং: ১৪৬৮, দাগ নং: ১১৬, জমি: ০.৬০ একর, সরকারি মূল্য: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

**তারিখসহ দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থানের বিবরণ:**

| ক্র. নং | কার্যক্রম | তারিখ সময় ও স্থান |
|---|---|---|
| ১ | দরপত্র বিক্রয়ের শুরুর তারিখ | ২১/০১/২০২৫ খ্রিষ্টাব্দ<br>(সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত) |
| ২ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ। | ২৭/০১/২০২৫ খ্রিষ্টাব্দ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) |
| ৩ | দরপত্র দাখিলের তারিখ ও সময়। | ২৮/০১/২০২৫ খ্রিষ্টাব্দ (বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত) |
| ৪ | দরপত্র বিক্রয় এবং দাখিলের স্থান। | ১। জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট।<br>২। জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।<br>৩। পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট।<br>৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাতীবান্ধা। |
| ৫ | দরপত্র বাক্স খোলার তারিখ,সময় ও স্থান। | ২৮/০১/২০২৫ খ্রিষ্টাব্দ (বেলা ৪.৩০ ঘটিকা)<br>জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। |
| ৬ | দরপত্র (সিডিউল) মূল্য | ২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) । |

**শর্ত সমূহ :**

১। ইজারা দরপত্র দাখিলের পূর্বে সংশ্লিষ্ট পুকুর পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। ইজারা কার্যক্রম শেষে পুকুর সংক্রান্ত কোন আপত্তি /অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি মূল্যের চেয়ে কোন দরদাতা কম দর দাখিল করলে দাখিলকৃত দর সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। দরপত্রে দেয় দর অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। কাটাকাটি বা ঘষামাজা করা দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে সরকারি সিদ্ধান্ত মোতাবেক ইজারাকৃত পুকুর খননের উদ্যোগ গ্রহণ করলে পুকুরের ইজারাদার কোন আপত্তি করতে পারবেনা এবং পুকুর খননের কারণে অতিরিক্ত কোন সময় দাবী করতে পারবে না।

৫। পুকুর ইজারার মেয়াদ শেষ হবার ১৫(পনের) দিন পূর্বে সংশ্লিষ্ট পুকুরে তার চাষ করা মাছ ধরে/সরিয়ে নিয়ে পুকুর জেলা পরিষদ বরাবর ছেড়ে দিতে হবে।

৬। জেলা পরিষদের পুকুর ইজারার নিয়মাবলী এবং বিজ্ঞপ্তির শর্তসমূহ অবশ্যই কৃতকার্য দরপত্র দাতাকে মেনে চলতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল করে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৭। ইজারাকৃত পুকুর কোনক্রমেই সাবলীজ দেওয়া যাবে না। সাবলীজ দেওয়া হলে পুকুরের ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে এবং জমাকৃত ইজারামূল্য জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা গ্রহীতা পরবর্তীতে জেলা পরিষদের কোন ইজারা সংক্রান্ত টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে না।

৮। তথ্য গোপন করে অথবা ভুল তথ্য পরিবেশন করে যদি কেউ টেন্ডারে অংশগ্রহণ করে তবে তার/তাদের নামে বন্দোবস্তকৃত পুকুরের ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থসহ জমাকৃত ইজারামূল্য জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৯। নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরেরদিন হতে আবেদন বিক্রয় বা গ্রহণের তারিখ ও সময়সূচি প্রযোজ্য হবে।

১০। দরপত্রের সাথে দাখিলকৃত দরের সমুদয় টাকার বিডি, ১৫% ভ্যাট, ১০% আয়কর এবং ১০% জামানতের (ইজারা মেয়াদ শেষে ফেরতযোগ্য) অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,লালমনিরহাট বরাবর জমা প্রদান করতে হবে এবং দরপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

পুকুর ইজারা/২০২৪

CamScanner

১১। সর্বোচ্চ দর দাতার দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে ৩০/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১২। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইনসমূহ এবং বিভিন্ন সময় জারীকৃত সরকারি প্রজ্ঞাপন অনুসরণ করা ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে।

১৩। উর্ধ্বতন কর্তৃপক্ষ ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যেকোন সময় পুকুর পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে ইজারা গ্রহীতা বাধ্য থাকবেন।

১৪। বছরের যে সময়েই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১/০১/২০২৫ খ্রি. হতে কার্যকর বলে গণ্য হবে।

১৫। পুকুরের পাড়সহ সীমানার ভিতরে কোন ধরণের অবকাঠামো নির্মাণ করা যাবে না।

১৬। ইজারা গ্রহীতা পুকুরের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবেনা এবং পুকুরের সীমানা অক্ষুন্ন রাখতে হবে।

১৭। ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট পুকুরের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে পুকুরের উপর ইজারা গ্রহীতার কোন দাবী/অধিকার/স্বত্ব থাকবেনা এবং উক্ত পুকুরের সকল অধিকার,স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে জেলা পরিষদ, লালমনিরহাট এর উপর ন্যস্ত হবে।

১৮। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

20/01/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইল নং-০১৩১৭-৪৭৭৮৪৮

স্মারক নং- ৪৬.৪২.৫২০০.০০১.৩১.০০১.২৫-

তারিখ : ০৬ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
২০ জানুয়ারী, ২০২৫ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক,লালমনিরহাট ।
৫। প্রশাসক, জেলা পরিষদ, লারমনিরহাট।
৬। পুলিশ সুপার, লালমনিরহাট।
৭। উপজেলা নির্বাহী অফিসার , হাতীবান্ধা, লালমনিরহাট। [বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
৮। অফিসার ইনচার্জ, হাতীবান্ধা থানা, লালমনিরহাট।
৯। সদস্য, জেলা পরিষদ, লালমনিরহাট (সকল) ।
১০। সিএ টু প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট। [ওয়েবসাইটে প্রকাশের জন্য]
১১। অফিস কপি।

20/01/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইল নং-০১৩১৭-৪৭৭৮৪৮
ই-মেইল - zillaparishadlmh@yahoo.com